



বিএনপি আওয়ামী লীগের পথেই হাঁটছে: হাসনাত



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

এনসিপির দক্ষিণাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ অভিযোগ করেছেন, বর্তমান বিএনপি সরকার আওয়ামী লীগের মতোই পুলিশ ও প্রশাসনকে দলীয়ভাবে ব্যবহার করতে শুরু করেছে। তিনি বলেন, বিচার বিভাগের স্বাধীনতাও হুমকির মুখে পড়ছে।

সোমবার সন্ধ্যায় বিনাইদহ শহরের পায়রা চত্বরে স্থানীয় এনসিপির আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সম্প্রতি এনসিপির কেন্দ্রীয় নেতা নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনার প্রতিবাদে এ কর্মসূচির আয়োজন করা হয়।

হাসনাত আব্দুল্লাহ বলেন, জেলা আদালতগুলোতে কী রায় হবে, কে জামিন পাবে—এসব বিষয়ে ঢাকার নিয়ন্ত্রণ বাড়ছে। তার অভিযোগ, সরকার পুলিশ ও বিচার বিভাগকে দলীয় এজেন্ডা বাস্তবায়নের জন্য ব্যবহার করছে।

তিনি আরও বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর মানুষ আশা করেছিল পুলিশ জনগণের বাহিনী হবে। কিন্তু এখন অনেক কর্মকর্তার আচরণে রাজনৈতিক পক্ষপাত স্পষ্ট হচ্ছে, যা হতাশাজনক।

সংবাদ সম্মেলন শেষে এনসিপির নেতাকর্মীরা শহরে বিক্ষোভ মিছিল বের করেন। এ সময় দলের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।